

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৪

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَعَلَّمُوا الْفَرَائِضَ وَالْقُرْآنَ وَعَلِّمُوا النَّاسَ فَإِنِّي مَقْبُوضٌ» . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

২৪৪-[৪৭] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা (আমার নিকট হতে) ফারায়িয ও কুরআন শিখে নাও এবং লোকেদেরকেও তা শিখিয়ে দাও। কারণ আমাকে উঠিয়ে নেয়া হবে (আমার মৃত্যু হবে)। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২০৯১, য'ঈফুল জামি' ২৪৫০, দারিমী ১/৭৩, হাকিম ৪/৩৩৩।

[এ হাদীসে ইযতিরাব আছে। অর্থাৎ- সানাদে রাবীর নাম এবং মাতানে শব্দের কম বেশি হয়েছে, এছাড়া ইমাম আহমাদ (রহঃ) মুহাম্মাদ বিন আল্ কাসিম আল্ আসাদী-কে য'ঈফ বলেছেন। আলবানী বলেন, বরং আহমাদ, দারাকুত্বনী একে মিথ্যাবাদী বলেছেন। এছাড়া এর সানাদে শাহর বিন হাওশাব রাবী য'ঈফ। তবে ইমাম তিরমিযী, দারিমী ও হাকিম এ হাদীসটিকে অন্য একটি মারফূ' সানাদে বর্ণনা করেছেন। এটিকে হাকিম ও যাহাবী সহীহ বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের সানাদটি দুর্বল। তবে এ হাদীসটি 'আবদুল্লাহ ইবনু মাস'উদের সানাদে ইমাম আহমাদ, আত্ তিরমিযী, নাসায়ী ও হাকিম বর্ণনা করেছেন এবং ইমাম হাকিম সেটিকে সহীহ বলেছেন। হাদীসটি দ্বারা 'ইলমে মীরাস ও কুরআন শিক্ষা করা ও তা মানুষকে শিক্ষা দেয়ার ব্যাপারে উৎসাহিত করা হয়েছে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন